

পরিকল্পন নং ১১৪

জীবন পূর্ণতা (হজ্জবীমা)

ইসলামের পাঁচটি স্তম্ভ

হজ্জতার একটি,

হজ্জকরা ফরয কাজ

পাবে আল্লাহর রেজা বন্দী।

প্রত্যেক সামর্থবান মুসলিমের জীবনে একবার হজ্জ করা ফরয। হজ্জ পালনের মাধ্যমেই মানুষ তার জীবনের পাপ ও কালিমা দূর করে পূর্ণতা লাভ করে। প্রত্যেক মুসলিম যেন হজ্জ করার সুযোগ ও সৌভাগ্য লাভ করেন সে কথা চিন্তা করেই প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেড চালু করেছে জীবন পূর্ণতা হজ্জ বীমা। এ তাকাফুল জীবন বীমা ইসলামী পন্থায় মুদারাবা নীতির ভিত্তিতে পরিচালিত হবে।

এ বীমার মূল বৈশিষ্ট্য হচ্ছে যে, এ পলিসির অধীনে অর্জিত জমা ইসলামী শরীয়াহ্ মোতাবেক বিনিয়োগ করা হবে। আপনি কোন বছর হজ্জ করবেন তা নিশ্চিত করে পলিসির মেয়াদ ঠিক করতে পারেন। এখানে উল্লেখ্য যে, যেহেতু হজ্জের খরচ প্রতি বছরই বাড়ছে তাই হজ্জ বীমাতে বীমা অংকের পরিমাণ প্রতি হাজারে ৫০ টাকা করে বাড়তে থাকবে।

যেমন ধরুন আপনি ৭ বছর পর হজ্জ করতে চান। হজ্জের জন্য বর্তমানে খরচ পড়ে ১০০,০০০/- টাকা। অতএব ৭ বছর পর হজ্জের খরচ হাজার ৫০ টাকা হারে বেড়ে হবে ১,৩০,০০০/-টাকা মেয়াদ পূর্তির শেষে যখন হজ্জ করতে যাবেন তখন আপনাকে ১,৩০,০০০/-টাকাই প্রদান করা হবে। আর যদি হজ্জের যাওয়ার আগেই মারা যান তাহলে বর্ধিত অংকসহ বীমা অংক আপনার পরিবারকে প্রদান করা হবে। অর্থাৎ যদি পলিসি আরম্ভ হওয়ার ৫ বছর পর মৃত্যু হয়, তবে ১,২০,০০০/- টাকা প্রদান করা হবে। মেয়াদ পূর্তির পূর্বে সম্পূর্ণ অঙ্কমতায় প্রিমিয়াম সব ফেরত দেয়া হবে। এ বীমাতে মেয়াদ পূর্তির পূর্বেই হজ্জের যাওয়ার সুযোগ রয়েছে। তবে এজন্য অতিরিক্ত প্রিমিয়াম দিতে হবে।